

তারিখ: ১৯/০২/২০২২ খ্রি.

২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণির ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি (সংশোধিত)

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২১-২০২২ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির (বিজ্ঞান, মানবিক, ব্যবসায়শিক্ষা) ভর্তি কার্যক্রমের অনলাইনে আবেদনের প্রেক্ষিতে যারা ১ম, ২য় ও ৩য় পর্যায়ে সংশ্লিষ্ট বোর্ড কর্তৃক নির্বাচিত হয়েছে এবং যথাসময়ে Selection নিশ্চায়ন করেছে, তাদেরকে নিম্নোক্ত তারিখ ও সময় অনুযায়ী ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার জন্য নির্দেশ দেয়া গেল। উল্লেখ্য যে, অত্র কলেজের ওয়েবসাইট: www.rangamaticollege.gov.bd এবং নোটিশবোর্ডে মনোনীত শিক্ষার্থীদের তালিকা ও অন্যান্য তথ্য পাওয়া যাবে।

ভর্তি ফি জমাদানের পদ্ধতি:

আগামী ১৯/০২/২০২২ হতে ২৪/০২/২০২২ খ্রি. তারিখের মধ্যে সোনালী ই-সেবা মোবাইল অ্যাপের HSC Fees মেন্যু থেকে Admission Fee সিলেক্ট করে অথবা <https://sbl.com.bd:7070> লিংকে প্রবেশ করে HSC Fees মেন্যু থেকে Admission Fee সিলেক্ট করে নির্ধারিত ভর্তি ফি জমাদানপূর্বক শিক্ষার্থীকে Payment Slip এর প্রিন্টকপি সংগ্রহ করতে হবে।

বিভাগভিত্তিক ভর্তি ফি:

গ্রুপ	ছাত্রদের জন্য	ছাত্রীদের জন্য	মন্তব্য
মানবিক/ব্যবসায় শিক্ষা	২০৮৭/-	২০০৭/-	
বিজ্ঞান	২৩০৭/-	২২২৭/-	


আবেদন ফরম পূরণপূর্বক নিজেই কলেজে উপস্থিত হয়ে ভর্তির তারিখ:

তারিখ ও সময়	গ্রুপ	জমাদানের স্থান
২০/০২/২০২২ এবং ২২/০২/২০২২ (সকাল ১০:০০ - বেলা ১২:৩০ টা)	বিজ্ঞান	কক্ষ নম্বর: ১১৩ (একাডেমিক ভবনের নিচ তলা)
	মানবিক	কক্ষ নম্বর: ২০৬ (একাডেমিক ভবনের দ্বিতীয় তলা)
	ব্যবসায় শিক্ষা	কক্ষ নম্বর: ২০৭ (একাডেমিক ভবনের দ্বিতীয় তলা)

কলেজ কর্তৃক সরবরাহকৃত ভর্তি ফরম পূরণপূর্বক নিম্নে উল্লেখিত সকল কাগজপত্র জমা দিতে হবে-

- ১। অনলাইনে ফলাফল বিবরণী- ১কপি এবং ভর্তি ফি পরিশোধের Pay Slip এর প্রিন্টকপি;
- ২। শিক্ষার্থীর ডিজিটাল জন্মনিবন্ধন সনদপত্র এর ফটোকপি;
- ৩। সদ্য তোলা রঙিন ছবি পাসপোর্ট সাইজ- ৩ কপি এবং স্ট্যাম্প সাইজ- ২ কপি;
- ৪। পিতা ও মাতার NID কার্ডের ফটোকপি;
- ৫। মুক্তিযোদ্ধা কোটায় ভর্তির ক্ষেত্রে- মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মূল সনদপত্র অবশ্যই প্রদর্শন করতে হবে এবং এর ফটোকপি- ১ কপি জমা দিতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের জন্য দাবীর সমর্থনে অতিরিক্ত হিসেবে সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের ফটোকপি- ১কপি জমা দিতে হবে।


বিঃদ্রঃ এসএসসি পাশের মূল একাডেমিক ট্রান্সক্রীপ্ট এবং মূল প্রশংসাপত্র কলেজে জমাদানের তারিখ বিজ্ঞপ্তির মাধ্যমে পরবর্তীতে জানানো হবে।


১৯.০২.২২
অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

বিতরণ:

- ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি।
- ২। আহবায়ক, একাদশ ভর্তি কমিটি (২০২১-২০২২ শিক্ষাবর্ষ), অত্র কলেজ, রাঙ্গামাটি।
- ৩। সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ, রাঙ্গামাটি।
- ৪। হিসাব সহকারী, অত্র কলেজ, রাঙ্গামাটি।
- ৫। সংরক্ষণ নথি।


১৯/০২/২০২২